



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২  
[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)



## সড়ক, মহাসড়কে মোটরযান চালনা সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান মালিক ও মোটরযান চালকদের অবগত করা যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ১২ অনুযায়ী মোটরযান চালনার সময় অপরাধের ধরণ ও মাত্রা অনুযায়ী ড্রাইভিং লাইসেন্সধারী ব্যক্তিকে অযোগ্য ঘোষণা এবং লাইসেন্স বাতিল, প্রত্যাহার ও স্থগিতকরণের বিধান রয়েছে। এছাড়া, সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি ১৯-এ ড্রাইভিং লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিলকরণ পদ্ধতি, ইত্যাদি বিষয় উল্লেখ আছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, রেল ক্রসিং অতিক্রমের সময় অসতর্কতা অথবা অবহেলা তথা অনিরাপদ অবস্থায় মোটরযান চালনার কারণে ট্রেনের সঙ্গে সংশ্লিষ্ট মোটরযানের সংঘর্ষ সংঘটিত হওয়া, নির্ধারিত কর্মঘন্টার ব্যত্যয় ঘটিয়ে শরীরে ক্লান্তি নিয়ে একটানা বিপজ্জনকভাবে মোটরযান চালনার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে নদী বা সড়ক, মহাসড়কের পাশে খালে পড়ে যাওয়া, ব্রিজের রেলিং ভেঙ্গে নীচে পড়ে যাওয়া, বেপরোয়া ও বিপজ্জনকভাবে মোটরযান চালনার কারণে পথচারী বা অন্য মোটরযানকে আঘাত করা, অবিরতভাবে মোটরযান চালনার কারণে মোটরযানের ইঞ্জিন ওভারহিট হয়ে আগুন ধরে যাওয়া, টায়ার ফেটে নিয়ন্ত্রণ হারানো ইত্যাদির মত রোড ক্র্যাশের ঘটনা ঘটছে। এসকল ঘটনায় বিদ্যমান আইন ও বিধি-বিধান অনুসরণ করে সংশ্লিষ্ট মোটরযান চালকের ড্রাইভিং লাইসেন্স বাতিল এবং মোটরযানের রেজিস্ট্রেশন স্থগিত অথবা বাতিল করা হচ্ছে। বাতিলকৃত সংশ্লিষ্ট ড্রাইভিং লাইসেন্সধারী চালক সড়ক, মহাসড়কে মোটরযান চালাতে পারবেন না এবং রেজিস্ট্রেশন স্থগিত অথবা বাতিলকৃত সংশ্লিষ্ট মোটরযানও সড়ক, মহাসড়কে চলাচল করতে পারবে না। এধরনের রোড ক্র্যাশের পুনরাবৃত্তি যাতে না ঘটে সেজন্য সকল মোটরযান মালিক ও চালককে অনুরোধ করা হচ্ছে। অন্যথায়, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ